

আঠালো চোখ এবং চোখের যত্ন

আপনার বাচ্চার চোখকে সুরক্ষিত রাখুন

নবজাতক বাচ্চা এবং ছোট বাচ্চাদের যখন অশ্রু নালি তৈরি হয়, তখন তাদের মধ্যে প্রায়ই 'আঠালো চোখ'-এর সমস্যা দেখা যায়। আপনি চোখের কোণে কিছু আঠালো জিনিস দেখতে পারেন বা তাদের চোখের পাতা একসাথে আটকে থাকতে পারে।

এটি সাধারণত নিজে থেকেই পরিষ্কার হয়ে যায়, তবে আপনাকে নিয়মিত আপনার বাচ্চার চোখ ভেজা তুলো দিয়ে পরিষ্কার করতে হতে পারে। পরিষ্কার, ঠান্ডা ফুটানো পানি ব্যবহার করুন।

প্রতিটি চোখ নাকের দিকের কোণ থেকে বাইরের দিকে মুছুন। প্রতিবার মোছার জন্য একটি পরিষ্কার তুলোর টুকরা ব্যবহার করুন। মোছার আগে এবং পরে আপনার হাত ধুতে ভুলবেন না এবং সংক্রমণ ছড়ানো রোধ করতে তোয়ালে ভাগ করে ব্যবহার করা এড়িয়ে চলুন।

চোখের পরীক্ষা এবং যাচাই

আপনার বাচ্চার চোখে কোনো সমস্যা দেখা দিলে তা পরীক্ষা করানো গুরুত্বপূর্ণ। নবজাতক বাচ্চা এবং শিশুদের বিকাশের প্রথম দিকে কোনো সমস্যা চিহ্নিত করার জন্য নিয়মিত চোখের পরীক্ষা করাতে বলা হয়। নবজাতক বাচ্চাদের চোখ মাঝে মাঝে 'ক্রস' বা ট্যারা হয়ে যাওয়া খুবই স্বাভাবিক, বিশেষ করে যখন তারা ক্লান্ত থাকে। যাই হোক, যদি আপনি তিন মাস বয়সের পরে আপনার শিশুর সাথে এটি ঘটতে দেখেন তবে আপনার GP-র সাথে কথা বলুন। চিকিৎসা না করা হলে, অলস চোখের সমস্যা তৈরি হতে পারে।

যদিও শৈশবে দৃষ্টিগত গুরুতর সমস্যা বিরল, তবে প্রাথমিক পরীক্ষায় কোনও সমস্যা থাকলে তা যত তাড়াতাড়ি সম্ভব চিহ্নিত হবে ও তার চিকিৎসা নিশ্চিত করবে।

কনজাংটিভাইটিস

'আঠালো চোখের' লক্ষণগুলি কখনও কখনও 'কনজাংটিভাইটিস' নামক সংক্রমণের সাথে গুলিয়ে যেতে পারে। কনজাংটিভাইটিস হলে চোখের সাদা অংশ লাল হয়ে যায় এবং আরও বেশি হলুদ বা সবুজ আঠালো পিটুলি হয় যা নিয়মিত ফিরে আসে। আপনি যদি তা লক্ষ্য করেন এবং তা 24 ঘন্টার বেশি সময় ধরে চলতে থাকে, তাহলে আপনার স্বাস্থ্য পরিদর্শক বা GP-র সাথে যোগাযোগ করুন। এটি সহজেই ছড়িয়ে যেতে পারে, তাই আপনার হাত ধুয়ে নিন এবং আপনার বাচ্চার জন্য একটি আলাদা তোয়ালে ব্যবহার করুন।

স্বাস্থ্য পরিদর্শক বলেন

কিছু বাচ্চার চোখ দিয়ে পানি পড়ে। অশ্রু নালি ম্যাসাজ করলে তা আপনার বাচ্চার অশ্রু নালির উপরের অংশে জমে থাকা অশ্রু অপসারণ করতে সাহায্য করে, সেইসাথে অশ্রু নালির বিকাশে সহায়তা করে। আপনার পরিষ্কার তর্জনী দিয়ে হালকা চাপ প্রয়োগ করে এবং আপনার বাচ্চার চোখের বাইরের কোণ থেকে তাদের নাকের দিকে ম্যাসাজ করে এটি করা যেতে পারে। কয়েক মাস ধরে দিনে

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ

কয়েকবার এর পুনরাবৃত্তি করুন। যদি এটি এক বছর ধরে চলতে থাকে তবে আপনার বাচ্চাকে চিকিৎসার জন্য একজন চক্ষু বিশেষজ্ঞের কাছে রেফার করা উচিত।

সূত্র: NHS চয়েসেস

1

আপনার বাচ্চার চোখের কোণে কি পিটুলি আছে এবং তাদের চোখের পাতা কি একসাথে আটকে আছে বলে মনে হচ্ছে?

2

আঠালো চোখ একটি সাধারণ সমস্যা যা বেশিরভাগ বাচ্চাকে প্রভাবিত করে, তা হলে আপনার স্বাস্থ্য পরিদর্শকের সাথে কথা বলুন।

3

প্রতিবার মোছার জন্য একটি পরিষ্কার তুলোর টুকরা ঠান্ডা ফুটানো পানিতে ভিজিয়ে ব্যবহার করুন।



যখন এটি 999 এর
চেয়ে কম জরুরি

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ